গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জউপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।
www.kalukhali .rajbari.gov.bd

কালুখালী উপজেলার সেপ্টেম্বর /২০২১ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
কালুখালী, রাজবাড়ী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
কালুখালী, রাজবাড়ী।

তারিখ ঃ ২২.৯.২০২১ খ্রিস্টাব্দ। সময় ঃ বেলা ১০.৩০ ঘটিকা

সভায় উপজেলা আইন-শৃংখলা কমিটির প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২, উপদেষ্টা জনাব মোঃআলিউজ্জামান চৌধুরী(টিটো), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপস্থিত ছিলেন। অন্যান্য উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আইন-শৃংখলা বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান।
চেয়ারম্যান, মৃগী ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে মাদাপুরা ইউনিয়ন আইন-শৃঙ্খলা স্বাভাবিক।
চেয়ারম্যান, রতনদিয়া ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে কালিকাপুর ইউনিয়নে গরু চুরি ও ছিনতাই বাড়ছে। তিনি গরু চুরি ও ছিনতাই বন্ধে এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য আইন- শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানান। চেয়ারম্যান, কালিকাপুর ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে মাঝবাড়ি ইউনিয়নের আইন-শৃঙ্খলা স্বাভাবিক। কিন্তু পাশের ইউনিয়ন থেকে কিছু গরু চোর এসে মাঝে মাঝে গরু চুরি করে নিয়ে যাচ্ছে। তিনি গরু চুরি বন্ধে এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য উপজেলা প্রশাসনসহ আইন- শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানান।
চেয়ারম্যান, বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, কালুখালী জানান যে, বর্তমানে বোয়ালিয়া ইউনিয়নের আইন-শৃঙ্খলা স্বাভাবিক। তিনি সাওরাইল ইউনিয়নের মতো কোন অপ্রীতিকর ঘটনা যেন আর কোন ইউনিয়নে না ঘটে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ জানান । চেয়ারম্যান, রতনদিয়া ইউনিয়ন পরিষদ, কলিুখালী জানান যে, বর্তমানে হাবাসপুর ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুব একটা ভাল নেই। আমার ইউনিয়নে কিছুদিন পূর্বে ডাকাতি হয়েছে । তিনি এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য উপজেলা আইন- শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানান।
উপজেলা পরিষদের নবনির্বাচিত ভাইস চেয়ারম্যান, জনাব এনায়েত হোসন, জানান যে, নির্বাচনের পর এটাই তার প্রথম সভা। তিনি সকলের সহযোগিতা কামনা করেন এবং সবাইকে ধন্যবাদ জনিয়ে বক্তব্য শেষ করেন।
উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, জনাব মোছাঃ ডলি পারভিন সকলের সহযোগিতা কামনা করেন এবং সবাইকে ধন্যবাদ জনিয়ে বক্তব্য শেষ করেন। উপজেলা আইন শৃংখলা কমিটির উপদেষ্টা জনাব জানান যে, আমাদের পাংশা উপজেলার সাওরাইল ইউনিয়ন সন্ত্রাসের আখড়া। তিনি মদাপুর , ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, অতপর তিনি সাবেক ভাইস চেয়ারম্যান মিসেস এর আশু রোগমুক্তি কামনা করেন। উপজেলা পরিষদের উপদেষ্টা, বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ জিল্লুল হাকিম, মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২, বক্তব্যের প্রথমেই তারপর তিনি সভাকে জানান যে, উপজেলা নির্বাচন বিরোধী দলের আইন শৃঙ্খলা পরিস্থিতির অনেকটা অবনতিও হয়েছে। উপজেলার আইন-শৃঙ্খলা উন্নয়নের জন্য যা যা করা দরকার তা করার জন্য অফিসার ইন চার্জ, কালুখালী থানাকে অনুরোধ জানান। তিনি আরও বলেন যে মাদক ব্যবসায়ীরা নতুন নতুন কৌশল অবলম্বন করে মাদক ব্যবসা করছে। যে কোন মূল্যে সন্ত্রাস বন্ধ করতে হবে । মাদক ,সন্ত্রাস, চুরি নির্মূলকরার জন্য আইনের সর্বোচ্চ প্রয়োগ করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া অবৈধ বালুর ব্যবসার কারণে রাস্তা ধ্বংস হচ্ছে বিধায় অবৈধ বালুর ব্যবসা বন্ধ করার জন্য তিনি অনুরোধ জানান। অফিসার ইন চার্জ, পাংশা থানা সভাকে জানান যে, আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখার জন্য আমি র্সবোচ্চ ব্যবস্থা গ্রহণ করিব। মৃগী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জানান মাদক ব্যবসায়ীরা নতুন নতুন কৌশল অবলম্বন করে মাদক ব্যবসা করছে। আমরা সবাই মিলে মাদকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো। কালুখালী উপজেলার

কিছু কিছু স্থানে চুরি ও ছিনতাই লক্ষ্য করা যাচ্ছে এ ব্যাপারে পুলিশ টহল জোরদারসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। মাদক ,সন্ত্রাস, চুরি নির্মূলকরার জন্য আইনের সর্বোচ্চ প্রয়োগের ব্যবস্থা করা হবে। এ ব্যাপারে তিনি পেশাদারিত্বের পরিচয় দেবেন মর্মে উল্লেখ করেন ।

সভাপতি জানান যে, মাননীয় প্রধান মন্ত্রী মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহন করেছেন। মাদক আমাদের সমাজের রন্দ্রে রন্দ্রে পৌছে গেছে। মাদকের বিরুদ্ধে নিয়োমিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। মাদকের বিষয়ে সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে সেখানে মোবইল কোর্ট পরিচালনা করা হবে। এলাকায় মাদক সেবন, ব্যবসায়ী ও বিক্রয়কারীর সংখ্যা যেন নির্মূল করা যায় এবিষয়ে যার যার অবস্থান থেকে সচেষ্ট *থাকতে হবে।* বাল্য বিবাহ একটি সামাজিক ব্যধি। সবাই এক সাথে কাজ করলে বাল্য বিবাহ বন্ধ করা যাবে। ইভটিজিং নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। মামলার তদন্তের সময় পুলিশকে সঠিক তথ্য প্রদান করা হলে প্রকৃত অপরাধীদের আইনের আওতায় আনা সম্ভব হবে। এছাড়া অবৈধভাবে যারা বালু উত্তোলন করেছেন তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সভাকে জানান।

সিদ্ধান্তসমূহ ঃ ক) এলাকায় কোন মাদক বিক্রেতাকে দেখা গেলে তাদের বিষয়ে থানাকে তাৎক্ষনিকভাবে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো। _খ)কালুখালী উপজেলার সন্ত্রাস কবলিত এলাকায় পুলিশ টহল জোরদার করার জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানাকে অনুরোধ করা হলো। _গ) সন্ত্রাসীরা এলাকায় প্রবেশের সাথে সাথে পুলিশকে অবহিত করার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো।ঘ)বাল্য বিয়ে, নারী ও শিশু নির্যাতন, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ তৈরীর লক্ষ্যে পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহে আইন-শৃঙ্খলা কমিটির সভা প্রত্যেক মাসে নিয়মিতভাবে আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, রাজবাড়ী ও অত্র দপ্তরের প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হলো। _ঙ)অবৈধ বালুর ব্যবসা বন্ধ করার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় । সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমাইল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
কালুখালী,রাজবাড়ী।
মোবাঃ নং- ০১৭৩৩৩৩৬৪০৫
E-mail:unopakalukhali@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৮২৭২.০০২.১০.১০০.১৮- ৪৬৩ (৫০) তারিখঃ-২২/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী।

অবগতি ও কার্যার্থেঃ

৬। চেয়ারম্যান,..............................................ইউনিয়ন পরিষদ, কালুখালী, রাজবাড়ী।
৭। উপজেলা .......................................................... অফিসার, কালুখালী,রাজবাড়ী।

উপজেলা নির্বাহী অফিসার
কালুখালী, রাজবাড়ী।